

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ec.org.bd

নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.১৭- ৯৮

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৩
২০ ফেব্রুয়ারি ২০১৭

বিষয় : কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৭ উপলক্ষে মেয়র পদে নির্বাচনে অংশগ্রহণের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন ২০ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনের সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত নির্বাচনে মেয়র পদে অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২(৩) (গ) (ইইই) নিম্নরূপঃ

“(ইইই) রাজনৈতিক দলের মনোনীত মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে;

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন সিটি কর্পোরেশনের মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল কোন ব্যক্তিকে মনোনয়ন প্রদানের ক্ষমতা প্রদান করিলে উক্ত দলের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;”

০২। এমতাবস্থায়, কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্তিঃ

- (১) সময়সূচি ঘোষণার প্রজ্ঞাপন
- (২) রিটার্নিং অফিসার নিয়োগের প্রজ্ঞাপন
- (৩) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০১৫
- (৪) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর সংশ্লিষ্ট অংশ

(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব
ফোনঃ ০২-৫৫০০৭৫৫৮
ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৮

প্রাপক : সভাপতি/সাধারণ সম্পাদক

.....(সকল নিবন্ধিত রাজনৈতিক দল)

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০২.১৭- ৯৮


তারিখঃ ০৮ ফাল্গুন ১৪২৩
২০ ফেব্রুয়ারি ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ও আপিল কর্তৃপক্ষ
৮. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১২. জেলা প্রশাসক, কুমিল্লা
১৩. পুলিশ সুপার, কুমিল্লা
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা ও রিটার্নিং অফিসার, কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৭
১৫. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৭. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা,..... (সংশ্লিষ্ট সকল)
১৮. জেলা নির্বাচন কর্মকর্তা(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৯. উপজেলা নির্বাহী অফিসার,..... (সংশ্লিষ্ট সকল)
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুমিল্লা
২১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২২. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব , নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাজেট ও অর্থ/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. সহকারী সচিব, সাধারণ সেবা-১, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (একজন ডেসপাচ রাইডার-কে দায়িত্ব প্রদানপূর্বক পত্রটি সংশ্লিষ্ট রাজনৈতিক দলের কার্যালয়ে ও অন্যান্যদের নিকট যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধসহ)
২৬. উপজেলা নির্বাচন কর্মকর্তা, আদর্শ সদর/ সদর দক্ষিণ/ চৌদ্দগ্রাম, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. অফিসার-ইন-চার্জ, আদর্শ সদর, সদর দক্ষিণ থানা, কুমিল্লা


(মোঃ রাজীব আহসান)
সহকারী সচিব